JAN. 03 2001

তারিখ ...
পৃষ্ঠা ৮ কলাম ৪

# শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের হুঁশিয়ারি ঃ অবিলম্বে ২৪ আগস্টের সিদ্ধান্ত বাতিলের দাবী

**স্টাফ রিপোর্টার ঃ** শিক্ষক-কর্মচারী ঐক্যজোট নেতৃবৃন্দ অবিলম্বে শিক্ষক স্বার্থ বিরোধী ২৪ আগস্টের সিদ্ধান্ত বাতিলের দাবী জানিয়েছেন। অন্যথায় তারা কঠোর কর্মসূচী দেয়ার হুঁশিয়ারি দিয়েছেন।

**শিক্ষক কর্মচারী** ৮-এর পৃষ্ঠার পর

শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের প্রধান সমন্বয়কারী অধ্যাপক এম, শরীফুল ইসলাম, সমন্বয়কারী মোঃ সেলিম ভুঁইয়া, আহবায়ক শেখ আমানুল্লাহ ও মাওলানা এম এ লতিফ এক যুক্ত বিবৃতিতে গতকাল (মঙ্গলবার) একথা বলেছেন।

বিবৃতিতে নেতৃবৃন্দ বলেছেন, ঈদুল ফিতরের আগে বেসরকারী শিক্ষক-কর্মচারীদের ডিসেম্বর মাসের বেতন ও ঈদ বোনাস না দেয়ায় শিক্ষক-কর্মচারীদের পরিবার ঈদ আনন্দ থেকে বঞ্চিত হয়েছেন। বিবৃতিদাতাগণ অবিলম্বে তৃতীয় বিভাগ ও পাস কোর্সের শিক্ষকদের এমপিও ভুক্তকরণ, জুলাই থেকে বর্ধিত বেতন ৯ জানুয়ারীর মধ্যে প্রদান, অবসর ভাতা প্রকল্প চালুর দাবী জানিয়েছেন।

আগামী ১০ জানুয়ারী শিক্ষক-কর্মচারী ঐক্যজোট তাদের ৬ দফা পূরণের দাবীতে সকল উপজেলা নির্বাহী অফিসারকে স্মারকলিপি দেয়ার জন্য সকল শিক্ষক-কর্মচারীদের আহবান জানান।